গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ-০১
ব্যয় ব্যবস্থাপনা-০৩ শাখা
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-১০০৯

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

বিষয়: আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর সংশোধনীর পরিপ্রেক্ষিতে কতিপয় বিষয়ে স্পষ্টীকরণ।

সরকারি কাজে গতিশীলতা আনয়ন, সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে অর্থ বিভাগ থেকে ১৫ এপ্রিল ২০২৫ তারিখে "আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫" জারি করা হয়। কম সময়ে সেবা ক্রয় প্রক্রিয়া সম্পাদন ও আউটসোর্সিং সেবাকর্মীর যথাযথ সেবামূল্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য ২১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে উক্ত নীতিমালার কতিপয় সংশোধন করা হয়। উক্ত সংশোধনীর পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপ স্পষ্টীকরণ করা হলো:

(ক) অর্থ বিভাগের সম্মতিক্রমে ২১ সেপ্টেম্বর ২০২৬ বা তার পূর্বে যে সকল আউটসোর্সিং সেবা বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ক্রয়ের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে, সে সকল আউটসোর্সিং সেবা পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ অনুসরনপূর্বক আউটসোর্সিং নীতিমালা সংশোধনের পূর্বের নিয়মে সম্পন্ন করা যেতে পারে। তবে সেক্ষেত্রে চুক্তির মেয়াদ হবে সর্বোচ্চ ১ (এক) বছর।

(খ) অর্থ বিভাগ হতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী সম্মতি প্রদানকৃত যে সকল সেবার মেয়াদ ৩০ জুন ২০২৬ তারিখে সমাপ্ত হয়েছে কিন্তু সেবা কার্যক্রম চলমান আছে, উক্ত সেবাসমূহ চলতি ২০২৬-২৭ অর্থবছরে অর্থ বিভাগের সম্মতিসাপেক্ষে আউটসোর্সিং নীতিমালা সংশোধনের পূর্বের নিয়মে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত চলমান রাখা যেতে পারে।

১৬/১১/২০২৬

(মোহাম্মদ শওকত উল্লাহ)
উপসচিব
ফোন: ২২৩৩৯০০৩৫

স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.১৯-১০০৯

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৬ নভেম্বর ২০২৬

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৩। বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা।
৮। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
১০। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ) ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ পত্রটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)
১। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (ব্যয় ব্যবস্থাপনা-১ অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬/১১/২০২৫
(মোহাম্মদ শওকত উল্লাহ)
উপসচিব
ফোন: ২২৩৩৯০০৩৫